বাংলাদেশ ইলেকট্রিক্যাল ক্যাবলস্ ম্যানুফাকচারার্স এসোসিয়েশন
BANGLADESH ELECTRICAL CABLES MANUFACTURERS ASSOCIATION

অস্থায়ী কার্যালয় : ২/ক/৮, নবাব হাবিবুল্লাহ রোড, (২য় তলা), শাহবাগ, ঢাকা-১০০০।
ফোন: ০২-৪৪৮৬৩০৬৬, অফিস: ০১৭০৪-১৯৬৫২১, ০১৭৩২-৩৫২৮৪৮।
ই-মেইল: bdcables@gmail.com

সূত্রঃ বেকমা/প্রশাসক-০১/২০২০/ তারিখঃ ২৩/১১/২০২০খ্রি:

# নির্বাচন বোর্ড

## নির্বাচন তফসিল: ২০২১-২০২২

সম্মানিত সদস্য/সদস্যা
বাংলাদেশ ইলেকট্রিক্যাল ক্যাবলস ম্যানুফাকচারার্স এসোসিয়েশন
ঢাকা।

আপনাদের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বাণিজ্য সংগঠন বিধিমালা-১৯৯৪ এবং এসোসিয়েশনের সংঘবিধির অধীনে গোপন ব্যালটের মাধ্যমে এসোসিয়েশনের ২১ সদস্য বিশিষ্ট পরিচালনা পর্ষদের ২০২১-২০২২ মেয়াদের নির্বাচন এবং নির্বাচিত পরিচালনা পর্ষদের সদস্যগণ দ্বারা উক্ত মেয়াদের জন্য এসোসিয়েশনের সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি সহ বিভিন্ন পদে অফিস বিয়ারার্স নির্বাচন অনুষ্ঠিত হইবে। আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এই নির্বাচনী তফসীল জারি করা হইল।

| ক্রঃ নং | বিবরণ | দিন | তারিখ | সময় |
|---|---|---|---|---|
| ০১। | ভোটার তালিকায় নাম অন্তর্ভূক্তির জন্য চাঁদা পরিশোধ ও হালনাগাদ ট্রেড লাইসেন্স জমা দেওয়ার শেষ তারিখ | রবিবার | ২০-১২-২০২০ | বিকাল ০৪-০০মিঃ |
| ০২। | নির্বাচন বোর্ড কর্তৃক শ্রেনী অনুযায়ী প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ | সোমবার | ২৮-১২-২০২০ | বিকাল ০৪-০০মিঃ |
| ০৩। | সদস্য /ভোটার কর্তৃক প্রাথমিক ভোটার তালিকা পরিদর্শনের শেষ তারিখ ও সময় | বুধবার | ৩০-১২-২০২১ | বিকাল ০৪-০০মিঃ |
| ০৪। | প্রাথমিক ভোটার তালিকা সম্পর্কে নির্বাচন আপিল বোর্ডের নিকট আপত্তি পেশ করার শেষ তারিখ ও সময় | শনিবার | ০২-০১-২০২১ | বিকাল ০৪-০০মিঃ |
| ০৫। | নির্বাচন আপিল বোর্ড কর্তৃক প্রাথমিক ভোটার তালিকায় আপত্তির শুনানি (যদি থাকে) ও সিদ্ধান্ত নির্বাচন বোর্ডে প্রেরণ | রবিবার | ০৩-০১-২০২১ | সকাল ১১-০০মিঃ |
| ০৬। | চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ | বৃহস্পতিবার | ০৭-০১-২০২১ | বিকাল ০৩-০০মিঃ |
| ০৭। | নির্ধারিত মনোনয়নপত্র সংগ্রহের সময়সূচী | বৃহস্পতিবার থেকে রবিবার | ১৪-০১-২০২১ ১৭-০১-২০২১ | প্রতিদিন অফিস চলাকালীন সময় পর্যন্ত মনোনয়নপত্র (নমিনেশন ফরম) সংগ্রহ করা যাবে। |
| ০৮। | নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য নির্ধারিত ফরমে মনোয়নপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | সোমবার | ১৮-০১-২০২১ | বিকাল ০৩-০০মিঃ |
| ০৯। | মনোনয়নপত্র বাছাই | সোমবার | ১৮-০১-২০২১ | বিকাল ০৩-৩০মিঃ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০। | বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশ (বাছাই শেষে) | সোমবার | ১৮-০১-২০২১ | বিকাল ০৫-০০মিঃ |
| ১১। | বৈধ প্রার্থীদের তালিকা সম্পর্কে নির্বাচন আপিল বোর্ডের নিকট আপত্তি পেশ করার শেষ তারিখ ও সময় | বৃহস্পতিবার | ২১-০১-২০২১ | বিকাল ০৩-০০মিঃ |
| ১২। | নির্বাচন আপিল বোর্ড কর্তৃক আপত্তি সম্পর্কিত শুনানি (যদি থাকে) ও সিদ্ধান্ত নির্বাচন বোর্ডে প্রেরণ | শুক্রবার | ২২-০১-২০২১ | দুপুর ১২-৩০মিঃ |
| ১৩। | নির্বাচন বোর্ড কর্তৃক বৈধ প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ | শুক্রবার | ২২-০১-২০২১ | বিকাল ০৪-৩০মিঃ |
| ১৪। | প্রার্থীদের নাম প্রত্যাহারের শেষ তারিখ ও সময় | বৃহস্পতিবার | ২৮-০১-২০২১ | দুপুর ১২-০০মিঃ |
| ১৫। | চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ<br>(পদের চেয়ে প্রার্থীর সংখ্যা কম হইলে যতজন নির্বাচনে অংশগ্রহন করিবে তাহাদেরকে নির্বাচন বোর্ড বিজয়ী বলিয়া ঘোষণা করিবেন)। | শনিবার | ৩০-০১-২০২১ | বিকাল ০৪-০০মিঃ |
| ১৬। | পরিচালনা পর্ষদ সদস্যদের নির্বাচনের উদ্দেশ্যে ভোট গ্রহণ | শনিবার | ২০-০২-২০২১ | সকাল ৯-০০ মিঃ থেকে বিকাল ৪-০০ মিঃ পর্যন্ত (বিরতিহীন) |
| ১৭। | ভোট গণনা ও ফলাফল ঘোষণা | শনিবার | ২০-০২-২০২১ | ভোট গ্রহণ শেষ হওয়ার পর থেকে গণনা শুরু এবং গণনা শেষ হওয়ার পর ফলাফল ঘোষণা |
| ১৮। | সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি পদের নির্বাচন | সোমবার | ২২-০২-২০২১ | বিকাল ০৩-০০মিঃ |
| ১৯। | নির্বাচন ফলাফল ঘোষণা সম্পর্কে নির্বাচন আপিল বোর্ডের নিকট আপত্তি পেশ করার শেষ তারিখ ও সময় | মঙ্গলবার | ২৩-০২-২০২১ | বিকাল ০৩-০০মিঃ |
| ২০। | নির্বাচন আপিল বোর্ড কর্তৃক আপত্তি সম্পর্কিত শুনানী (যদি থাকে) ও সিদ্ধান্ত নির্বাচন বোর্ডে প্রেরণ | বৃহস্পতিবার | ২৫-০২-২০২১ | বিকাল ০৩-০০মিঃ |
| ২১। | নির্বাচন বোর্ড কর্তৃক চূড়ান্ত ফলাফল ঘোষণা | রবিবার | ২৮-০২-২০২১ | বিকাল ০৪-০০মিঃ |

<u>বিশেষ দ্রষ্টব্যঃ</u>

(১) ১ নং কর্মসূচী ব্যতীত উপরোক্ত কর্মসূচীর যে কোনটি নির্ধারিত তারিখে অনুষ্ঠান করা সম্ভব না হইলে, সেই ক্ষেত্রে উক্ত কর্মসূচী পরবর্তী কার্যদিবসে অনুষ্ঠিত হইবে।

(২) নির্বাচন সংক্রান্ত পরবর্তী যাবতীয় বিজ্ঞপ্তি শুধুমাত্র নির্বাচন নোটিশ বোর্ডে প্রদর্শিত হইবে। গুরুত্ব বিবেচনায় ক্ষেত্র বিশেষে পত্রিকায়ও বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।

## নির্বাচন সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যাবলীঃ

১। বাণিজ্য সংগঠন বিধিমালা-১৯৯৪ এবং এসোসিয়েশনের সংঘবিধি মোতাবেক এসোসিয়েশনের মোট ২১ সদস্য বিশিষ্ট পরিচালনা পর্ষদের সাধারণ সদস্যদের সরাসরি ভোটে দায়িত্বভার গ্রহণের তারিখ হইতে ২ বৎসর (২৪ মাস) মেয়াদের জন্য নির্বাচিত হইবেন।

২। বাণিজ্য মন্ত্রণালয়ের স্মারক নং- বাম/টিও-১/সি-৯/৯২ (অংশ-৩)/২৮৪ তারিখঃ ০৪-০৬-২০১১ খ্রিঃ মোতাবেক ''এক ব্যক্তির মালিকানায় যতগুলো প্রতিষ্ঠানই থাকুক না কেন, কোন প্রতিষ্ঠানের নামে আলাদা টিআইএন না থাকলে ঐ প্রতিষ্ঠানের প্রতিনিধির ভোটাধিকার থাকবেনা। একটি প্রতিষ্ঠান একটি টিআইএন-এর বিপরীতে একটি ভোট প্রদানের অধিকারী হবে। একই টিআইএন ব্যবহার করে একটি নির্বাচনে একাধিকবার ভোটার হওয়া যাবেনা।''

৩। ২৫ অক্টোবর, ২০২০ তারিখের মধ্যে যাঁহারা এসোসিয়েশনের সদস্য পদ গ্রহণ করিয়াছেন এবং ২৭ ডিসেম্বর, ২০২০ তারিখের মধ্যে এসোসিয়েশনের সকল প্রকার বকেয়াসহ ২০২০ ইং সন পর্যন্ত চাঁদা পরিশোধ পূর্বক নির্বাচন তফসীল মোতাবেক হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সার্টিফিকেট/রিটার্ন ও চাঁদা পরিশোধের রশিদের ফটোকপি দাখিল করিবেন কেবল তাঁহারাই নির্বাচনে অংশ গ্রহণ করিতে পারিবেন বা ভোটার তালিকায় অন্তর্ভূক্ত হইবেন।

৪। নির্বাচন বোর্ড কর্তৃক ইস্যুকৃত ভোটার আইডি কার্ড/এসোসিয়েশনের দপ্তরে রক্ষিত নমুনা স্বাক্ষর যাচাই পূর্বক ভোটার সনাক্ত করা হইবে। ভোটার আইডি কার্ড ব্যতীত কেহ ভোট প্রদান বা প্রার্থী পরিচিতি সভায় অংশগ্রহণ করিতে পারিবেন না। **আগামী ১৭ ফেব্রুয়ারী হইতে ১৯ ফেব্রুয়ারী, ২০২১ ইং তারিখের মধ্যে সম্মানিত ভোটারগণ এসোসিয়েশনের কার্যালয় হইতে ভোটার আইডি কার্ড সংগ্রহ করিবেন।** ভোটার আইডি কার্ড হারাইয়া গেলে জিডির কপিসহ ২০০/- (দুইশত) টাকা প্রদান সাপেক্ষে ডুপ্লিকেট ভোটার আইডি কার্ড সরবরাহ করা হইবে।

৫। প্রার্থী পরিচিতি সভায় এবং ভোট গ্রহণকালীন ও ভোট গণনার সময় ভোট কেন্দ্রে কোন প্রার্থী, প্রার্থীর এজেন্ট ও ভোটারগণ আগ্নেয়াস্ত্র, মোবাইল ফোন বা ক্যামেরা বহন করিতে পারিবেন না।

৬। সদস্যগণ ৫০০/- (পাঁচ শত টাকা) টাকা মূল্য পরিশোধ করিয়া প্রাথমিক অথবা চূড়ান্ত ভোটার তালিকা এসোসিয়েশনের দপ্তর হইতে সংগ্রহ করিতে পারিবেন।

৭। (ক) মনোনয়ন পত্র নির্বাচন বোর্ডের সীলসহ নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের স্বাক্ষর সম্বলিত হইতে হইবে। চূড়ান্ত ভোটার তালিকার অন্তর্ভুক্ত সদস্যগণ নিমেণ উল্লিখিত ফি প্রদান সাপেক্ষে স্বয়ং নিজে উপস্থিত হইয়া অথবা লিখিত ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে মনোনয়ন পত্র সংগ্রহ করিতে পারিবেনঃ

**মনোনয়ন পত্রের ফিঃ**

| | | |
|---|---|---|
| প্রতিটি মনোনয়ন পত্রের ফি | : | ৩,০০০/- (তিন হাজার) টাকা |
| ১ (এক) সেট ভোটার তালিকার মূল্য | : | ৫০০/- (পাঁচ শত) টাকা। |

(খ) পরিচালনা পর্ষদের সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি পদের জন্য মনোনয়ন পত্রের ফি

| | | |
|---|---|---|
| (১) সভাপতি পদের জন্য মনোনয়ন ফি | : | ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা |
| (২) সিনিয়র সহ-সভাপতি পদের জন্য মনোনয়ন ফি | : | ৩,০০০/- (তিন হাজার) টাকা |
| (৩) সহ-সভাপতি পদের জন্য মনোনয়ন ফি | : | ২,০০০/- (দুই হাজার) টাকা |

প্রতিটি মনোনয়ন পত্রের সাথে এক সেট ভোটার তালিকা মূল্য পরিশোধ করিয়া আবশ্যিকভাবে সংগ্রহ করিতে হইবে।

(গ) একজন প্রার্থীর নামে সংগ্রহকৃত মনোনয়ন পত্র অন্য প্রার্থী ব্যবহার করিতে পারিবেন না এবং কেহ মনোনয়ন পত্রের মূলকপি ব্যতীত ফটোকপি বা প্রতিলিপিতে মনোনয়ন জমা দিতে পারিবেন না। কেহ ইহার অন্যথা করিলে উক্ত মনোনয়ন পত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

(ঘ) মনোনয়ন পত্রে প্রদত্ত যাবতীয় তথ্য চূড়ান্ত ভোটার তালিকা মোতাবেক হইতে হইবে। মনোনয়র পত্রে প্রার্থী, প্রস্তাবক, সমর্থকের নাম ও ভোটার নম্বর সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে এবং স্বাক্ষর এসোসিয়েশনে সংরক্ষিত নমুনা স্বাক্ষর মোতাবেক হইতে হইবে। এই ক্ষেত্রে কোন প্রকার ঘষা-মাজা গ্রহণযোগ্য হইবে না। কোন ক্ষেত্রে কিছু কাটিতে হইলে একটানে কাটিয়া কাটার পার্শ্বে সংশিষ্ট প্রার্থী এসোসিয়েশনে সংরক্ষিত নমুনা স্বাক্ষর অনুসারে স্বাক্ষর করিবেন।

৮। নির্বাচিত পরিচালকমন্ডলীর জেনারেল পর্ষদের সভাপতি, সিনিয়র সহ-সভাপতি এবং সহ-সভাপতি সহ অন্যান্য অফিস বেয়ারার পদের জন্য ক্রমিক নং ৭(খ) এ উল্লিখিত পরিমাণ ফি প্রদান করিয়া স্বয়ং উপস্থিত হইয়া অথবা লিখিত ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে মনোনয়ন পত্র সংগ্রহ করিতে পারিবেন। মনোনয় পত্রে প্রার্থী, প্রস্তাবক, সমর্থকের নাম ও ভোটার নম্বর সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে এবং স্বাক্ষর এসোসিয়েশনে সংরক্ষিত নমুনা স্বাক্ষর মোতাবেক হইতে

হইবে। এই ক্ষেত্রে কোন প্রকার ঘষা-মাজা গ্রহণযোগ্য হইবে না। কোন ক্ষেত্রে কিছু কাটিতে হইলে একটানে কাটিয়া কাটার পার্শ্বে সংশিষ্ট ব্যক্তিকে এসোসিয়েশনে সংরক্ষিত নমুনা স্বাক্ষর অনুসারে স্বাক্ষর করিতে হইবে।

৯। নির্বাচনে ভোট প্রদানের অধিকারীগণ ব্যক্তিগতভাবে উপস্থিত হইয়া ভোট প্রদান করিবেন।

১০। এসোসিয়েশনের সদস্যগণ ২১ (একুশ) জন পরিচালনা পর্ষদের সদস্য নির্বাচনের উদ্দেশ্যে নির্ধারিত ছকে ক্রস (X) অথবা টিক (√) চিহ্নের মাধ্যমে ভোট প্রদান করিবেন। নির্ধারিত সংখ্যক পদের অতিরিক্ত অথবা কম সংখ্যক প্রার্থীকে ভোট প্রদান করা হইলে অথবা কাটাকাটি, ওভার রাইটিং সম্বলিত অস্পষ্ট ও ব্যালট পত্রের নির্দেশাবলী লংঘন করিয়া ভোট প্রদান করিলে সংশিষ্ট ব্যালটপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

## ১১। নির্বাচন সংক্রান্ত অতিরিক্ত বিধানঃ

১) নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ড বাণিজ্য সংগঠন বিধিমালা ১৯৯৪ এবং এই আদেশের বিধান অনুযায়ী নির্বাচনের সকল কার্যক্রম পরিচালনা করিবে। পরিচালনা পর্ষদের নির্বাচন সংক্রান্ত কোন বিষয়ে হসতক্ষেপ করিতে পারিবে না।

২) নির্বাচনের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে নির্বাচন বোর্ড এক বা একাধিক নির্বাচনী কর্মকর্তা নিযুক্ত করিতে পারিবেন। তবে নির্বাচনী দায়িত্ব পালনকারী কোন ব্যক্তি এসোসিয়েশনের সদস্য এবং ভোটার হইলেও তিনি এই নির্বাচনে প্রার্থী হইতে পারিবেন না বা কোন প্রার্থীর নির্বাচনী এজেন্ট হইতে পারিবেন না বা কাহারো পক্ষে নির্বাচনকে প্রভাবিত করিতে পারে এমন কোন ধরণের প্রচার-প্রচারণা চালাইতে পারিবেন না।

৩) নির্বাচন তফসিল জারী করার পর হইতে নির্বাচন সম্পন্ন হওয়া পর্যন্ত নিম্নলিখিত আচরণ বিধি প্রযোজ্য হইবে যাহা লংঘিত হইলে সংশিষ্ট প্রার্থীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়া তাহার প্রার্থীপদ বাতিল করা সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাইবে, যথাঃ-

ক) নির্বাচন উপলক্ষ্যে বিজ্ঞাপণ প্রদান, কোন প্রকার পোষ্টার, দেওয়াল লিখন অথবা ব্যানার ব্যবহার করা যাইবে না।

খ) মিছিল করা অথবা শ্লোগান দেওয়া সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকিবে।

গ) ভোটারদের নিকট কেবলমাত্র সাদাকালো A4 Size এর প্রচারপত্র প্রেরণ করা যাইবে, তবে কোন রকম উপঢৌকন প্রেরণ করা যাইবে না।

ঘ) কোন প্রার্থী একক অথবা দলবদ্ধভাবে কোন হোটেল, রেসেস্তারা বা কমিউনিটি সেন্টারে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্বাচনী ও পরিচিতি সভা অনুষ্ঠান, ভোটারদের আপ্যায়নের আয়োজন এবং উহাতে অংশ গ্রহণ করিতে পারিবেন না এবং কোন প্রার্থী এই নির্বাচনে ২ (দুই) লক্ষ টাকার অধিক ব্যয় করিতে পারিবেন না।

ঙ) নির্বাচন অনুষ্ঠানের ৪৮ ঘন্টা পূর্ব হইতে সকল প্রকার নির্বাচনী প্রচারণা সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকিবে।

চ) নির্বাচন অনুষ্ঠানের দিন নির্বাচন বোর্ড কর্তৃক ঘোষিত ভোট কেন্দ্রের ১০০ গজের মধ্যে প্রার্থী অথবা তাহার সমর্থকদের সমাবেশ, জটলা, ব্যাজ ধারণ ও পোষ্টার বহন সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকিবে। প্রার্থী এবং নির্বাচনের সহিত সংশিষ্ট নির্বাচনী কর্মকর্তাগণ নির্বাচন বোর্ড কর্তৃক প্রদত্ত ব্যাজ/পরিচয় পত্র ধারণ করিবেন।

ছ) নির্বাচন বোর্ড কর্তৃক নির্দেশিত বিধান বহির্ভূতভাবে কোন প্রার্থী কিংবা ভোটার ভোট গ্রহণ এলাকায় অহেতুক অবস্থান করিতে পারিবেন না।

১২। উপরোক্ত নির্বাচন আচরণ বিধির এক বা একাধিক বিধান লংঘিত হইলে অথবা এই বিষয়ে কোন অভিযোগ উত্থাপিত হইলে সংশিষ্ট পক্ষকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়া নির্বাচন বোর্ড এই বিধি মোতাবেক সিদ্ধান্ত প্রদান করিবে। নির্বাচন বোর্ডের উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আপত্তি থাকিলে সংশিষ্ট পক্ষ আপীল বোর্ডের নিকট সাথে সাথে আপীল দায়ের করিবে। উপদফা (৩) এ বর্ণিত আচরণ বিধি লংঘন সংক্রান্ত অভিযোগ নিস্পত্তির জন্য নির্বাচন বোর্ডের সুপারিশক্রমে সময়ে সময়ে আপীল বোর্ডের সভা অনুষ্ঠিত হইবে এবং নির্বাচন অনুষ্ঠানের সময়ে আচরণ বিধি সংক্রান্ত এইরূপ অভিযোগ নিস্পত্তির জন্য আপীল বোর্ড নির্বাচন চলাকালীন সময়ে ভোট গ্রহণ কেন্দ্রে উপস্থিত থাকিবেন। আপীল বোর্ডের সভায় শুনানী গ্রহণ করা হইবে। এই শুনানীর বিষয়ে যাবতীয় নোটিশ সংশিষ্ট পক্ষ সমূহকে বিশেষ বিজ্ঞপ্তি/ঘোষণা মারফত অবহিত করা

হইবে। নোটিশ বোর্ডে এই বিষয়ে প্রদত্ত বিজ্ঞপ্তি একমাত্র বৈধ নোটিশ বলিয়া গণ্য হইবে। শুনানী গ্রহণ শেষে আপীল বোর্ড কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৩। <u>নির্বাচন বোর্ড সচিবালয়ঃ</u>

অস্থায়ী কার্যালয় : ২/ক/৮, নবাব হাবিবুল্লাহ রোড, (২য় তলা), শাহবাগ, ঢাকা-১০০০।

১৪। <u>নির্বাচন অফিসের সময় সূচীঃ</u>

* শনিবার হইতে বৃহস্পতিবার সকাল ১০ টা হইতে বিকাল ৫ টা পর্যন্ত।
  (দুপুর ১:১৫ মিঃ হতে ২:০০ মিঃ পর্যন্ত জোহরের নামাজ ও মধ্যাহ্ন ভোজের বিরতি)।

* শুক্রবার সাপ্তাহিক ছুটি। তবে বিশেষ কর্মসূচী থাকিলে শুক্রবারও অফিস খোলা থাকিবে।

(মোঃ খাদেমুল ইসলাম)
সদস্য
নির্বাচন বোর্ড
বাংলাদেশ ইলেকট্রিক্যাল ক্যাবলস্
ম্যানুফাকচারার্স এসোসিয়েশন

(সৈয়দা নাহিদা হাবিবা)
সদস্য
নির্বাচন বোর্ড
বাংলাদেশ ইলেকট্রিক্যাল ক্যাবলস্
ম্যানুফাকচারার্স এসোসিয়েশন

(ডক্টর কাজী কামরুন নাহার)
চেয়ারম্যান
নির্বাচন বোর্ড
বাংলাদেশ ইলেকট্রিক্যাল ক্যাবলস্
ম্যানুফাকচারার্স এসোসিয়েশন